

■■ সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ২৪৯

২/ সালাত (নামায) (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ আমীন বলা।

باب مَا جَاءَ فِي التَّأْمِينِ

আরবী

وَرَوَى شُعْبَةُ هَذَا الْحَدِيثَ عَنْ سَلَمَةَ بْنِ كُهَيْلٍ عَنْ حُجْرٍ أَبِي الْعَنْبَسِ عَنْ عَلْقَمَةَ بْنِ وَائِلٍ عَنْ أَبِيهِ أَنَّ النَّبِيَّ صلى الله عليه وسلم قَرَأً: (غَيْرِ الْمَغْضُوبِ عَلَيْهِمْ وَلاَ الضَّالِّينَ) فَقَالَ " آمِينَ " . وَخَفَضَ بِهَا صَوْتَهُ . قَالَ أَبُو عِيسَى وَسَمِعْتُ مُحَمَّدًا يَقُولُ حَدِيثُ سُفْيَانَ أَصِبَ مِنْ هَذَا الْحَدِيثِ فَقَالَ سُفْيَانَ أَصِبَ مِنْ هَذَا الْحَدِيثِ فَقَالَ عَنْ حُجْرٍ أَبِي الْعَنْبَسِ وَإِنَّمَا هُوَ حُجْرُ بْنُ عَنْبَسٍ وَيُكْنَى أَبَا السَّكَنِ . وَزَادَ فِيهِ عَنْ عَلْقَمَةَ عَنْ عَلْقَمَة بَنِ وَائِلٍ وَلَيْسَ فِيهِ عَنْ عَلْقَمَة وَإِنَّمَا هُوَ عَنْ حُجْرِ بْنِ عَنْبَسٍ عَنْ وَائِل بْنِ حُجْرٍ وَقَالَ وَخَفْضَ بِهَا صَوْتَهُ وَإِنَّمَا هُوَ وَمَدَّ بِهَا صَوْتَهُ . قَالَ أَبُو عِيسَى وَسَأَلْتُ أَبَا زُرْعَةَ عَنْ هَذَا الْحَدِيثِ فَقَالَ حَدِيثِ فَقَالَ حَدِيثُ سُفْيَانَ فِي هَذَا أَصَحَ مِنْ حَدِيثِ شُعْبَةَ . قَالَ وَرَوَى الْعَلاَءُ بْنُ صَالِحٍ الْأَسَدِيُّ عَنْ سَلَمَةَ بْنِ كُهَيْلٍ نَحْوَ رِوَايَةٍ سُفْيَانَ .

قَالَ أَبُو عِيسَى حَدَّثَنَا أَبُو بَكْرٍ، مُحَمَّدُ بْنُ أَبَانَ حَدَّثَنَا عَبْدُ اللَّهِ بْنُ نُمَيْرٍ، حَدَّثَنَا الْعَلاَءُ بْنُ صَالِحٍ الأَسَدِيُّ، عَنْ سَلَمَةَ بْنِ كُهَيْلٍ، عَنْ حُجْرِ بْنِ عَنْبَسٍ، عَنْ وَائِلِ بْنِ حُجْرٍ، عَنِ النَّبِيِّ صلى الله عليه وسلم نَحْوَ حَدِيثِ سُفْيَانَ عَنْ سَلَمَةَ بْنِ كُهَيْلٍ.

বাংলা

২৪৯. শুবা (রহঃ) এই হাদিসটি সালামা ইবনু কুহায়ল হুজর আবূল আম্বাস আলকামা ইবনু ওয়াইল তাঁর পিতা ওয়াইল রাদিয়াল্লাহু আনহু এর সূত্রে বর্ণনা করেছেন যে, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম (الْمَغْضَنُوبِ عَلَيْهِمْ وَلَا الضَّالِينَ) পাঠের পর আস্তে আমীন বলেছেন। - [শাজ] - সহিহ আবু দাউদ ৮৬৩, তিরমিজী হাদিস নম্বরঃ ২৪৮ এর শেষাংশ ও ২৪৯ [আল মাদানী প্রকাশনী]



ইমাম আবূ ঈসা তিরমিয়ী (রহঃ) বলেনঃ মুহাম্মাদ আল বুখারী (রহঃ) কে বলতে শুনেছি যে, এই বিষয়ে সুফইয়ান (রহঃ) বর্ণিত রিওয়ায়াতটি (২৪৮ নং) শু'বার রিওয়ায়াতটি (২৪৯ নং) থেকে অধিকতর সহীহ। শু'বা এই রিওয়ায়াতটির একধিক স্থানে ভুল করেছেন।

- (ক) তিনি সনদে হুজর আবূল আম্বাস এর কথা বলেছেন অথচ তিনি হলেন হুজর ইবনুল আম্বাস, তাঁর উপনাম হল আবৃস সাকান;
- (খ) আলকামা ইবনু ওয়াইলেন নাম অতিরিক্ত উল্লেখ করেছেন অথচ এই সনদে আলকামার উল্লেখ হবে না; প্রকৃত সনদটি হল, হুজর ইবনু আম্বাস-ওয়াইল ইবনু হুজর রাদিয়াল্লাহু আনহু।
- (গ) তাঁর বর্ণনায় আছে। خفض بها صوته রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম নিম্নস্বরে আমীন পাঠ করেছেন অথচ প্রকৃত কথা হল مد بها صوته তিনি উচ্চস্বরে তা পাঠ করেছেন।

ইমাম আবূ ঈসা তিরমিয়ী (রহঃ) বলেনঃ আমি ইমাম আবূ যুরআকেও এই হাদিসটি সম্পর্কে জিজ্ঞাসা করেছিলাম। তিনি বলেছেন সুফইয়ানের রিওয়ায়াতটই অধিক সহীহ। আলা ইবনু সালিহ আল আসা'দীও সালামা ইবনু কুহায়লেন সূত্রে এই হাদিসটি সুফইয়ানের অনুরূপ বর্ণনা করেছেন। ইমাম আবূ ঈসা তিরমিয়ী (রহঃ) বলেনঃ মুহাম্মাদ ইবনু আবান আবদুল্লাহ ইবনু নুমায়র আলা ইবনু সালিহ আল আসা'দী ইবনু কুহায়ল হুজর ইবনু আম্বাস ওয়াইল ইবনু হুজর সূত্রে সুফইয়ানের অনুরূপ এই হাদিসটি বর্ণনা করেছেন।

English

(Another chain) from Wa'il bin Hujr who narrated it from : the Prophet, and it is similar to the narrations of Sufyan from Salamah bin Kuhail

হাদিসের মান: সহিহ/যঈফ [মিশ্রিত] পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ ওয়ায়িল ইবনু হুজর (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন